

পড়ব বই, গড়ব দেশ
বঙ্গবন্ধুর বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
জেলা সরকারি গণগ্রন্থাগার, শেরপুর



নম্বর ৪৩.২৬.৮৯০০.০০০.২৩.০০১.০৬.৭৭

তারিখ ১৫ শ্রাবণ ১৪২৭

৩০ জুলাই ২০২০

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: জাতীয় শোক দিবস ২০২০ উপলক্ষ্যে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা।

জাতীয় শোক দিবস-২০২০ উপলক্ষ্যে গণগ্রন্থাগার অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক জেলা সরকারি গণগ্রন্থাগার শেরপুর কর্তৃক নিম্নোক্ত বিষয়ে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা আয়োজন করা হয়েছে। এ উপলক্ষ্যে আগ্রহী সকলকে যোগ্যতা অনুযায়ী প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আহ্বান জানানো যাচ্ছে।

ক) রচনা প্রতিযোগিতা :

ক্র.নং.	গ্রুপ	শ্রেণি	রচনা প্রতিযোগিতার বিষয়	সর্বোচ্চ শব্দসীমা
১.	ক	পঞ্চম-অষ্টম	আমার চোখে বঙ্গবন্ধু	১০০০
২.	খ	নবম-দ্বাদশ	বাঙালির মুক্তিদাতা বঙ্গবন্ধু	১২০০
৩.	গ	স্নাতক-স্নাতকোত্তর	১৫ আগস্ট ইতিহাসের কালো অধ্যায়	১৫০০
৪.	ঘ	সর্বসাধারণ	৬ দফা হতে বাংলাদেশের স্বাধীনতা	১৮০০

শর্তাবলি :

- রচনা A4 আকারের সাদা কাগজে স্বহস্তে প্রতি পাতার একদিকে লিখতে হবে, উভয় পৃষ্ঠায় লেখা যাবে না।
- ছাত্রছাত্রীদের রচনা স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক এবং অন্যান্য প্রতিযোগীর রচনা জাতীয় পরিচয়পত্রের ফটোকপি অথবা প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নসহ জমা দিতে হবে।
- রচনায় অবশ্যই জমাদানকারীর নাম, পিতা ও মাতার নাম, ঠিকানা এবং মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
- রচনার শব্দসংখ্যা নির্ধারিত সীমার অধিক হলে তা মূল্যায়নের জন্য বিবেচিত হবে না।
- রচনার শেষে তথ্যসূত্র বা যেসকল বইয়ের সাহায্য নেয়া হয়েছে তার উল্লেখ করতে হবে।
- রচনা ডাকযোগে প্রেরণ / সরাসরি জমা দেয়ার শেষ তারিখ ২০.০৮.২০২০ খ্রি.।

খ) চিত্রাংকন প্রতিযোগিতা :

ক্র.নং.	গ্রুপ	বয়সসীমা	চিত্রাংকন প্রতিযোগিতার বিষয়
১.	ক	অনূর্ধ্ব-৭ বছর	উন্মুক্ত
২.	খ	অনূর্ধ্ব-১২ বছর	বঙ্গবন্ধু ও বাংলাদেশ

শর্তাবলি :

- চিত্রাংকন প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের লিগ্যাল সাইজের আর্ট পেপারে অংকিত চিত্রের সাথে নাম, পিতা ও মাতার নাম, মোবাইল নম্বর এবং শিক্ষা প্রতিষ্ঠানের আইডি কার্ডের ফটোকপি ও জন্ম সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।
- আর্ট পেপারে অংকিত চিত্র ২০.০৮.২০২০ খ্রি. তারিখের মধ্যে ডাকযোগে/ সরাসরি অত্র দপ্তরে পৌঁছাতে হবে।



৩০-৭-২০২০

সাজ্জাদুল করিম

লাইব্রেরিয়ান

ফোন: ০৯৩১৬১৬১৪

ইমেইল: dplsherpur@gmail.com

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) মহাপরিচালক , গণগ্রন্থাগার অধিদপ্তর
- ২) জেলা প্রশাসক, শেরপুর
- ৩) অধ্যক্ষ, -----, শেরপুর।
- ৪) জেলা শিক্ষা কর্মকর্তা, শেরপুর (শিক্ষাপ্রতিষ্ঠান প্রধানগণকে নির্দেশনা প্রদানের অনুরোধসহ)
- ৫) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, শেরপুর (শিক্ষাপ্রতিষ্ঠান প্রধানগণকে নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
- ৬) জেলা তথ্য অফিসার, শেরপুর
- ৭) জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, শেরপুর
- ৮) উপজেলা নির্বাহী অফিসার (সকল), -----, শেরপুর।
- ৯) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, -----, শেরপুর (শিক্ষাপ্রতিষ্ঠান প্রধানগণকে নির্দেশনা প্রদানের অনুরোধসহ)
- ১০) উপজেলা শিক্ষা অফিসার, -----, শেরপুর (শিক্ষাপ্রতিষ্ঠান প্রধানগণকে নির্দেশনা প্রদানের অনুরোধসহ)
- ১১) প্রধান শিক্ষক, -----, শেরপুর।
- ১২) সম্পাদক, -----, বিষয়টি আপনার বহুল প্রচারিত পত্রিকায় প্রেস বিজ্ঞপ্তি হিসেবে প্রকাশের অনুরোধ করা হলো।
- ১৩) -----, শেরপুর।
- ১৪) অফিস কপি, জেলা সরকারি গণগ্রন্থাগার শেরপুর।